ছাদের জন্য
লোহার কড়ি
বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি।
সত্বর দরের জন্য পত্র লিখুন।
নিরঞ্জন এণ্ড কোং লিঃ
ম্যানেজিং ডিরেক্টার :—শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়,
২নং দর্মাহাটা ষ্ট্রীট, কলিকাতা।

Reg. No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী
জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।
জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। শ্রীবিনয় কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

২৯শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৮শে বৈশাখ বুধবার ১৩৫০ ইংরাজী 12th May 1943 | ৪৯শ সংখ্যা

এই জনগণ জাগরনকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪৫ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২।০, ছোট ১৮০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

## স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫।০ ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা।

## গৃহ-রক্ষা

গৃহরক্ষার জন্যই জীবন-বীমা। গৃহ জাতীয় জীবনের প্রকৃষ্টতম প্রয়োজন, পৃথিবীর আশা-ভরসার স্থল। গৃহকে বাঁচাইয়া রাখিবার কাজে যাহার সার্থকতা আছে, তাহার প্রভাবও অপরিসীম। যিনি পরিবার প্রতিপালন করেন, তিনিই ত' সংসারের প্রধান আশ্রয়। তাঁহারি চারিদিকে গৃহ নীড় রচিত হয়। তাঁহার অভাবে গৃহ-সংসার বিধ্বস্ত ও বিক্ষিপ্ত হইয়া পড়ে—পারিবারিক বন্ধনও শিথিল হইয়া আসে। কিন্তু সেই প্রতিপালকের স্থানে জীবন-বীমা সংসার প্রতিপালনের দুরূহ ভার গ্রহণ করে। সংসার ধ্বংসের হাত হইতে রক্ষা পায়—জাতীয় জীবনের শক্তি অব্যাহত থাকে।

আপনার প্রয়োজন অনুযায়ী সম্পূর্ণ নির্ভরযোগ্য বীমাপত্র দিতে পারে

আর্থিক পরিচয়

| | | | |
|---|---|---|---|
| নূতন বীমা (১৯৪১) | ... | ... | প্রায় ৩ কোটি টাকা |
| মোট চলতি বীমা | ... | ... | ১৮ কোটি ৯৯ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ... | ... | ৪ „ ২৩ „ „ „ |
| মোট সম্পত্তি | ... | ... | ৪ „ ৬৩ „ „ „ |
| দাবী-শোধ (১৯০৭-৪১) | ... | ... | ২ „ ৫০ „ „ „ |
| প্রিমিয়াম আয় | ... | ... | প্রায় ১ কোটি টাকা |

হিন্দুস্থান কো-অপারেটিভ্ ইন্সিওরেন্স
সোসাইটি, লিমিটেড,

হেড অফিস
হিন্দুস্থান বিল্ডিংস,
কলিকাতা

ব্রাঞ্চ
বোম্বাই, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ,
নাগপুর, পাটনা ও ঢাকা।
এজেন্সী—ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

২৮শে বৈশাখ বুধবার, সন ১৩৫০ সাল।

## দুইটী বালিকার জলে ডুবিয়া শোচনীয় মৃত্যু

ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ের অবসরপ্রাপ্ত গার্ড শ্রীযুত গজেন্দ্রনাথ সেন মহাশয় কার্য্যে অবসর গ্রহণের পর পৈতৃক বাসভবন হেতমপুর হইতে আসিয়া রঘুনাথগঞ্জে দোতলা বাটী নির্ম্মাণ করিয়া বাস করিতেছেন। উদ্দেশ্য গঙ্গাতীরে জীবনের অবশিষ্ট কাল শান্তিতে অতিবাহিত করিবেন এবং দুইটী কন্যার বিবাহ এই স্থানেই দিয়াছেন, তাহাদের সঙ্গেও প্রায় দেখাশুনা হইবে। আজ বৎসর দেড়েক পূর্ব্বে একটী কন্যা একমাত্র কন্যাকে মা-বাপের কোলে দিয়া পরলোক গমন করিল। অন্য কন্যাটী শ্রীযুত চণ্ডীদাস ধর মহাশয়ের সহধর্ম্মিণী। গত রবিবার চণ্ডী বাবুর পত্নী মাকে এবং ৭ বৎসরের অবিবাহিতা ভগ্নী অর্থাৎ গজেন্দ্র বাবুর কনিষ্ঠা কন্যা ছবিকে নিমন্ত্রণ করিয়া নিজেদের বাড়ীতে লইয়া যান।

গজেন্দ্র বাবুর কন্যা ছবি এবং চণ্ডী বাবুর কন্যা নীলিমা দুই মাসী বোন্‌ঝি সমবয়স্কা। চণ্ডী বাবুর বাটীর নীচে পুষ্করিণীর বাঁধা ঘাটে স্নান করিতে গিয়া কখন যে ডুবিয়া গিয়াছে তাহা কেহ জানে না। যখন তাহাদের দেহ জল হইতে তোলা হইল তখন সব শেষ হইয়া গিয়াছে। গজেন্দ্র বাবুর একটী কন্যা অপরটী দৌহিত্রী। তাঁর সহধর্ম্মিণীর, কন্যার, জামাতা চণ্ডী বাবুর এই অভাবনীয় শোকে সান্ত্বনা দিবার ভাষা মানুষের নাই। গজেন্দ্র বাবুর বৃদ্ধ বয়সে শান্তির পরিবর্ত্তে উপর্য্যুপরি সন্তান-বিয়োগ-ব্যথা খুবই হৃদয়-বিদারক। আমরা তাঁহাদের দুঃখে সমবেদনা প্রকাশ করিতেছি।

---

## বঙ্গীয় গভর্ণমেণ্টের ভ্রাম্যমান প্রদর্শনী

উক্ত প্রদর্শনী ভ্রমণ করিতে করিতে জঙ্গিপুর আসিয়া গত ৭ই মে হইতে প্রত্যহ স্থানীয় ম্যাকেঞ্জি পার্কের হলে বৈকাল ৫॥০টা হইতে ৮টা রাত্রি পর্য্যন্ত বিনা টিকিটে রেডিও, গ্রামোফোন, বায়স্কোপ ইত্যাদি দ্বারা দর্শকগণের চিত্তরঞ্জন করিতেছে। ৯, ১৩, ১৬ই মে তিন দিন মহিলাগণের জন্য ধার্য্য হইয়াছে। পরিচালকগণ খুব সজ্জন। তাঁদের ব্যবহারে দর্শকগণ সন্তোষলাভ করিতেছেন। এখান হইতে তাঁহারা ধুলিয়ান যাইবেন বলিয়া জানা গিয়াছে।

---

## জঙ্গিপুর সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক

গত ৯ মে রবিবার ডাঃ কিশোরীমোহন সিংহ এম. বি. মহোদয় উক্ত ব্যাঙ্কের সেক্রেটারী, মৌঃ জাহিরুদ্দীন বিশ্বাস বি. এল. মহোদয় এসিষ্টাণ্ট সেক্রেটারী, মৌঃ আমজাদ আলি বি. এল. মহোদয় ট্রেজারার নির্ব্বাচিত হইয়াছেন।

---

## নীলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত

### নীলামের দিন ১৭ই মে ১৯৪৩

১৯৪৩ সালের ডিক্রীজারী

৮২ থাং ডিঃ সেবাইত তারাপ্রসন্ন চট্টোপাধ্যায় দেং সুরত সেখ দিং দাবি ১৩৪॥৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে লক্ষ্মীজোলা ১০-৪৯ শতকের কাত ২০।৵২ আঃ ১০০৲ খং ১৬২ অধিনস্থ খং ১৬২ (ক) (খ) (গ) ১৬৩, ১৬৪, ১৬৫ ও ১৬৬

৩১২ থাং ডিঃ গোপিকারঞ্জন সেন দিং কমন ম্যানেজার মনোরঞ্জন সেন দেং আবদুল সামেদ সেখ দিং দাবি ১০০৵৯ থানা সাগরদীঘি মৌজে টিক্করডাঙ্গা ৩-৪৫ শতকের কাত ১৮॥৶৩ আঃ ৮০৲

২৯৮ থাং ডিঃ তপজিল নেসা বিবি দেং সানুয়ার সেখ দিং দাবি ৯৬ থানা সাগরদীঘি মৌজে গোকুলতা ২ শতকের কাত ৸৬ আঃ ৪৲ খং ২৩৬, ২ শতক জমি তদুপরিস্থিত খেড়ি ঘর ২ খানা মায় চাল ছাপ্পর নওয়া জিমা সহ

---

### চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত

### নীলামের দিন ১৪ই জুন ১৯৪৩

১৯৪৩ সালের ডিক্রীজারী

৭৯ থাং ডিঃ কণিকারাণী দেবী দেং ঘোঁতু মুচি দিং দাবি ২৮।৵৩ থানা সুতী মৌজে কদমতলা
কাত ৩/৯ আঃ ২১৲ খং ৬০ রায়ত স্থিতিবান

৩৫৯ থাং ডিঃ ঐ দেং কৈবল্যমণি দাস্যা
থানা সুতী মৌজে মাণিকপুর ৩৮ শতকের
পাই আঃ ১০৲ খং ১৬ রায়ত স্থিতিবান

৩৯২ থাং ডিঃ মিঃ হরেন্দ্রনাথ দাস রিসিভার
রাজ এষ্টেট দেং শিউনন্দন ভকত দাবি ২১৶০
মৌজে আমডাল ২-০২ শতকের কাত ৩॥/৬
খং ১২৯

৩৯৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩০৸৵৩
মৌজে আমডোল ২-৭০ শতকের কাত ৫৸৵৬
খং ১৩০

২২৯ থাং ডিঃ মহারাজ কুমার সিতাংশুকা
বাহাদুর দেং ফয়জান নেশা দাবি ১৬॥৵০
মৌজে নিজ নারায়ণপুর ৬/০ বিঘার কাত ১॥
খং ১১২

৩৭৩ থাং ডিঃ দ্বিজপদ চট্টোপাধ্যায় দেং
দিং দাবি ২০৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে
৩-৪০ শতকের কাত ৭৸৶৩ খং ১২১ রায়ত

৩৭৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪।৯ মৌজে
শতকের কাত ৪।৶৬ আঃ ৬৲ খং ১২২ রায়ত

৩৭৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১৲ মৌজে
শতকের কাত ২॥৶০ আঃ ৪৲ খং ৩৮৬ ঐ স্বত্ব

৩৭৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২২॥৶০
৩-৪০ শতকের কাত ৯॥৵৫ ঐ স্বত্ব

৩৭৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৵৩
২-৫৬ শতকের কাত ৭।/২ আঃ ১০৲ খং ৩৯৩

৪২০ থাং ডিঃ মহারাজ বাহাদুর সিংহ
মোহন বন্দ্যোপাধ্যায় দিং দাবি ৯৩৸৬ থানা
মৌজে সেগুা জামুয়ার ৪-৩৪ শতকের কাত
৮০৲ খং ৬৭১ রায়ত স্থিতিবান

৩১৭ থাং ডিঃ অমিয়মোহন রায় দিং দেং
দাবি ১০৵৩ থানা ও মৌজে রঘুনাথগঞ্জ ৩ শ
১।/০ আঃ ৫৲ খং ৫১৮

৩০২ থাং ডিঃ লালগোলা রাজ ওয়ার্ড ষ্টেট
রহমান মোল্লা দাবি ২৫/৯ থানা সাগরদীঘি
৯২ শতকের কাত ৩৸০ আঃ ২০৲ খং ১০৬৫

২৬৭ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং ম
দাবি ৪৯॥৯ থানা সাগরদীঘি মৌজে মোরগ্রাম
কাত ৮/৩ আঃ ১৫৲ খং ৩৪০

---

০ শতকের

বি ১৫৶০
কাত ১॥৵০

মহেশপুর
থানা সুতী
আঃ ১০৲

থানা সুতী
আঃ ২০৲

ন্ত আচার্য্য
থানা সুতী
আঃ ১০৲

মির সেখ
মদেবপুর
তিবান
দি ঐ ১-১৪
স্থিতিবান
াদি ঐ ৯০

মৌজাদি ঐ

মৌজাদি ঐ
ঐ স্বত্ব
দেং ললিত-
রঘুনাথগঞ্জ
৮॥৴৫ আঃ

কালু মাল দিং
কের কাত

দেং জেল্লার
মৌজে থেরুর

নোরমা দাসী
২॥৪ কাঠার

# পাক্ষিক পত্র

১৬-৪-৪৩—বুধবার রাত্রে আর-এ-এফ বিমান জার্মানির স্টুটগার্ট শহরের উপর প্রচণ্ডভাবে আক্রমণ চালিয়ে এসেছে—স্টুটগার্টে এর চেয়ে বড় আক্রমণ ইতিপূর্বে আর হয়নি। শহরের উপর হাজার হাজার আগুনে বোমা এবং অনেক ১০০ মণ এবং ৫০ মণ ওজনের বোমা ফেলা হয়। টিউনিসিয়ার অধিকাংশ যুদ্ধক্ষেত্রেই মিত্রপক্ষীয় সৈন্যরা এগিয়ে চলেছে। মারেথ লাইনের উপর আক্রমণের দিন থেকে এ পর্য্যন্ত ৩০ হাজারের বেশি শত্রু সৈন্যকে বন্দী করা হয়েছে। জাপানীরা নিউগিনিতে নতুন ক'রে যে বিমান বল বৃদ্ধি করেছে তার মধ্যেকার ৮০ থেকে ১০০ খানা বিমান যখন মিলন উপসাগর আক্রমণ করে, সে সময় ৩০ খানা বিমান তারা খুইয়েছে। ইতিপূর্বে সোমবারে পোর্টমর্সবিতে তাদের ৩৭ খানা বিমান ধ্বংস হয়েছে।

১৭ ৪-৪৩—টিউনিসিয়ায় ব্রিটিশ অষ্টমবাহিনী শত্রুর উপর প্রবলভাবে আক্রমণ চালানোর জন্য প্রস্তুত হচ্ছে। আঁফিদাভিল-এর উত্তরে যত ইটালিয়ান পশ্চাৎরক্ষী সৈন্য ছিল তাদের ধ্বংস করা হয়েছে। আর একদিক থেকে প্রথম বাহিনী মেদজেজ এল বা শহরের দিকে এগিয়ে আসছে। দক্ষিণ-পশ্চিম প্রশান্ত মহাসাগরে জাপানীদের একটি কনভয় জাহাজদলের উপর মিত্র বিমান আক্রমণ চালায়। কনভয়ে ৬ খানা বাণিজ্য জাহাজ এবং ৩ খানা যুদ্ধ জাহাজ ছিল তার মধ্যে ৩ খানা জাহাজ ডুবেছে।

১৮।১৯-৪-৪৩—টিউনিস শহরে যাবার পথে প্রবল যুদ্ধ চলছে—মিত্রপক্ষ শহরের ২৫ মাইলের মধ্যে এসে পড়েছে। আর-এ এফ বিমান জার্মানির দুটি সব চেয়ে বড় অস্ত্র তৈরীর কারখানার উপর অতি প্রবল আক্রমণ চালিয়ে এসেছে। বড় একদল ব্রিটিশ বমার চেকোশ্লো-ভাকিয়ার পিলসেন নামক জায়গায় অবস্থিত স্কোডা কারখানার উপর সংঘবদ্ধ আক্রমণ চালায়। এই আক্রমণ মনের মতো আক্রমণ হয়েছে। সমস্ত কারখানা এলাকায় প্রচুর ভারী বোমা ফেটেছে এবং অধিকাংশ জায়গা পুড়ে ভস্মসাৎ হয়েছে। রাইনল্যাণ্ডে মানহাইম এবং লুডবিগ-শাফেনের উপরেও প্রবল আক্রমণ চালানো হয়েছে। ব্রেমেনের ফকেবুলফ বিমান কারখানার উপরেও মার্কিন বমার আক্রমণ চালিয়ে এসেছে।

২০-৪-৪৩—টিউনিসিয়া থেকে সিসিলির পথে শত্রুর একদল কনভয় বিমান মিত্র বিমানের হাতে আক্রান্ত হয়। এই সব বিমানে শত্রুর যান্ত্রিক শিল্পী এবং এঞ্জিনিয়াররা ছিল—ব্যবস্থাপক অফিসাররাও ছিল। একটি আকাশ যুদ্ধে মিত্রপক্ষ ইতিপূর্বে এতবড় সাফল্য আর লাভ করেনি—কেননা এই যুদ্ধে শত্রুপক্ষের ৭৪ খানা বিমান ধ্বংস হয়েছে—এবং সেই সঙ্গে তাদের প্রায় ৩০০০ লোক মারা গেছে। রবিবার সকাল থেকে সোমবার বিকাল পর্যন্ত উত্তর টিউনিসিয়ায় ৮৯ খানা শত্রুর বিমান ধ্বংস করা হয়েছে।

২১-৪-৪৩—বর্মার মায়ু উপদ্বীপের যুদ্ধে আর-এ-এফ বিমান শত্রুর উপর প্রবল আক্রমণ চালিয়েছে—এবং বহু জাপানীকে নিহত এবং আহত করেছে, বর্মার অন্যান্য লক্ষ্য বস্তুর উপরেও আক্রমণ চালানো হয়েছে। মিচিনার কাছে একটি বড় ব্রিজের আংশিক ক্ষতি হয়েছে। টিউনিসিয়াতে মিত্র বিমান বিশেষ প্রবল হয়ে উঠেছে—গত ৪ সপ্তাহের মধ্যে অ্যাক্সিস পক্ষ ১৫০০ খানার বেশি বিমান খুইয়েছে। ইউরোপে আর-এ-এফ বিমান ব্যাপকভাবে আক্রমণ চালাচ্ছে। টিউনিসিয়াতে অষ্টম-বাহিনী প্রবল আক্রমণ শুরু করেছে।

২২-৪-৪৩—টিউনিসিয়ায় আঁফিদাভিল নামক জায়গাটি অষ্টমবাহিনী সম্পূর্ণ দখল করেছে। এই জায়গাটি টিউনিস্ থেকে ৫০ মাইল দক্ষিণে অবস্থিত। আর-এ-এফ বিমান বলটিক সাগরের বন্দর স্টেটিনের উপর প্রবল আক্রমণ চালিয়ে এসেছে। জার্মানির হাইংকেল বিমান তৈরীর জায়গা রস্টফের উপরেও ভারী আক্রমণ চালিয়েছে। তৃতীয় আক্রমণ হয়েছে বার্লিনের উপর।

২৪-৪-৪৩—টিউনিসিয়াতে তুমুল যুদ্ধ হচ্ছে।—টাকরুনার জার্মানদের রক্ষীলাইনটি অষ্টমবাহিনী ভেদ করেছে এবং জায়গাটি তারা দখল করেছে। রাশিয়ার কিউবান এলাকায় জার্মানদের শক্তি ক্রমেই দুর্বল হয়ে পড়ছে। এখানে রুশসৈন্যরা অনেকগুলো আক্রমণ সাফল্যের সঙ্গে ঠেকিয়েছে এবং এখন নিজেরা আক্রমণ স্বাধীনতা লাভ করেছে। নভরসিস্কের যুদ্ধ চরম পর্যায়ে পৌঁছেছে। উজান ডনিয়েট্‌স্ বিভাগে জার্মানরা নদী পার হবার জন্য আরও একবার চেষ্টা করেছিল কিন্তু ব্যর্থ হয়েছে।

২৫।২৬-৪-৪৩—টিউনিসিয়ার মেডজেজ্-এল-বাব এলাকায় ব্রিটিশ পদাতিক বাহিনী এগিয়ে গিয়ে টিউনিসের ২৪ মাইলের মধ্যে এসে পড়েছে। শত্রুপক্ষ তীব্র যুদ্ধ চালিয়েছিল, পাল্‌টা আক্রমণও করেছিল কিন্তু তাদের সকল চেষ্টাই ব্যর্থ হয়। এই যুদ্ধে শত্রুর যেমন সৈন্যক্ষয় হয়েছে তেমনি হয়েছে যুদ্ধ সামগ্রী ক্ষয়। ভূমধ্যসাগরে শত্রুর আরও দশখানা সরবরাহ জাহাজ নষ্ট করা হয়েছে, তাতে অনেক মূল্যবান জিনিস টিউনিসিয়ায় তাদের সৈন্যদের হাতে পৌঁছতে পারেনি। আরাকানে কতকগুলো জাপ সৈন্য আমাদের ঘাঁটিতে গোপনে প্রবেশ করতে চেষ্টা করেছিল, কিন্তু তাতে ব্যর্থ হয়েছে। তাদের উপর আক্রমণ চালানোর ফলে অনেক জাপ সৈন্য হতাহত হয়েছে।

২৭-৪-৪৩—টিউনিসিয়ার সকল যুদ্ধক্ষেত্রেই মিত্র সৈন্যরা এগিয়ে চলেছে। ব্রিটিশ অষ্টম বাহিনী জেবেল টারবুনা দখল ক'রে অ্যাক্সিস পক্ষের প্রথম রক্ষী বেষ্টনী ভেদ করেছে। ফরাসী সৈন্যরাও জেবেল মনসুর নামক জায়গাটি দখল করেছে। গত তিন দিনের যুদ্ধে ৬৪ খানা জার্মান ট্যাঙ্ক ধ্বংস করা হয়েছে। ব্রিটিশ প্রথম বাহিনী উত্তর এলাকায় কয়েকটী গুরুত্বপূর্ণ পাহাড় দখল করেছে। বর্মায় বুথিডং বিভাগে যুদ্ধ চলছে।

২৮-৪-৪৩—বুথিডং-এর দক্ষিণে অবস্থিত আমাদের সৈন্যদের উপর জাপানীরা আক্রমণ চালাতে এসেছিল, কিন্তু প্রচুর ক্ষতি সহ্য ক'রে তারা হটে যেতে বাধ্য হয়েছে। আরাকানের সাধারণ অবস্থায় কোনো পরিবর্ত্তন ঘটেনি। আর-এ-এফ বিমান বর্মার নানা জায়গায় গুরুত্বপূর্ণ লক্ষ্য বস্তুগুলোর উপর নিয়মিত আক্রমণ চালিয়ে যাচ্ছে। টিউনিসিয়ার যুদ্ধ একইভাবে চলছে। ব্রিটিশ প্রথম বাহিনী-লংস্টপ পাহাড়শ্রেণী দখল করেছে—মেডজেজ-এল-বাব এলাকায় এটা একটা গুরুত্বপূর্ণ উচ্চভূমি। ১লা জানুয়ারি থেকে ১৫ই এপ্রিলের মধ্যে জার্মানদের ৬৬০০০ সৈন্য নষ্ট হয়েছে এর মধ্যে অনেকে মারা পড়েছে, অনেকে আহত হয়েছে এবং বাদ বাকী বন্দী হয়েছে। এই সময়ের মধ্যে তাদের ২৫০ খানার বেশি ট্যাঙ্ক নষ্ট হয়েছে এবং সমুদ্রে তাদের জাহাজ ডুবেছে ৩৪ খানা, জখম হয়েছে ৫০ খানা। এই একই সময়ে তাদের বিমান নষ্ট হয়েছে ১০০০ খানার বেশি।

২৯-৪-৪৩—ব্রিটিশ প্রথম বাহিনীর সৈন্যরা এখন টিউনিসের সমতলভূমির আড়াই

( বাহির পৃষ্ঠা দেন

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

মাইলের মধ্যে এসে পৌঁছেছে। মনে হচ্ছে টিউনিসিয়ার যুদ্ধ শেষ হ'তে আর খুব দেরি হবে না। ডুইসবুর্গের উপর আর-এ-এফ বিমান যে আক্রমণ চালিয়েছিল তার আরও খবর পাওয়া গেছে। ৪৫ মিনিট ধ'রে প্রতি মিনিটে ৮০০ মণের বেশি ওজনের বোমা এই বন্দরটির উপর ফেলা হয়। গত মে মাসে কোলোনের উপর ১০০০ বিমানের যে আক্রমণ চালানো হয়, এ আক্রমণটিও প্রায় তারই মতো প্রবল হয়েছিল। হিসাব করা হয়েছে অন্তত ২৭০০০ মণ বোমা ডুইসবুর্গের উপর ফেলা হয়েছে। আর-এ-এফ ব্লেনহীম বমার, হারিকেন ফাইটার বিমানের পাহারায় আরাকানের জাপ-সরবরাহ গুদামের উপর আক্রমণ চালিয়ে এসেছে।

৩০-৪-৪৩—টিউনিসিয়ায় তীব্র যুদ্ধ চলছে। মিত্রপক্ষ সকল দিক থেকেই সাফল্যলাভ করছে, তবে তাদের এগিয়ে যাওয়া মাইল-গুনতি হিসাবে দেখলে গত দুতিন সপ্তাহ আগে যেমন হয়েছিল তেমন চমকপ্রদ নয়, কেননা জার্মানদের এখন এমন একটা জায়গায় ঘিরে ফেলা হয়েছে যেখানে তাদের আত্মরক্ষার ব্যবস্থা অনেক ভাল। এখানে এগিয়ে যাবার আর খুব বেশি জায়গা নেই, এইখান থেকেই জার্মানদের ধীরে ধীরে ধ্বংস করতে হবে। জার্মানির ডুবোজাহাজ ঘাঁটি বিলহেল্মশাফেনের উপর ভারি আক্রমণ চালানো হয়েছে। ব্রিটিশ বিমান সম্প্রতি শত্রুর সমুদ্রপথে বিস্তর মাইন পেতে রেখেছে—বিশেষ করে বলটিক সমুদ্রে। আরাকান সীমান্তে সাধারণ অবস্থার কোনো পরিবর্তন ঘটেনি।


---


## দি ওয়ার্ম ইণ্ডিকা

( আমেরিকায় পরীক্ষিত )

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। মূল্য প্রতি শিশি ৵০ তিন আনা। পাইকারী দর স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়"
রঘুনাথগঞ্জ, ( মুর্শিদাবাদ )



মহা সমর ! মহা সমর !!

এই দুর্দ্দিনে দেশের অর্থ দেশে রাখুন। এবং দেশের সহস্র সহস্র নরনারীর অন্ন-সংস্থানের সহায়তা করুন। ভারতে উৎপন্ন তামাকে হাতে তৈয়ারী ভারত বিখ্যাত

## মোহিনী বিড়ি

যাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭ নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন। ধূমপানে পূর্ণ আমোদ পাইবেন। আমাদের প্রস্তুত বিড়ি, বিশুদ্ধতার গ্যারাণ্টি দিয়া বিক্রয় করা হয়। পাইকারী দরের জন্য লিখুন। একমাত্র প্রস্তুতকারক ও স্বত্বাধিকারী :—মুলজী সিক্কা এণ্ড কোং

হেড অফিস :—
৫১, এজরা ষ্ট্রীট, কলিকাতা।

মোহিনী বিড়ির শাখাসমূহ :—১৬০নং নবাবপুর রোড, ঢাকা ; সরায়গঞ্জ, মজঃফরপুর, বি-এন-ডবলিউ-আর। ফ্যাক্টরী—মোহিনী বিড়ি ওয়ার্কস, গোণ্ডিয়া, (সি, পি) বি-এন-আর। আমাদের নিকট বিড়ি স্বত্বের তামাক ও পাতা খুচরা ও পাইকারী হিসাবে পাওয়া যায়। দরের জন্য পত্র লিখুন।